

ক্রমিকনং	উদ্ভাবনী উদ্যোগসমূহের নাম	বিবরণ	বাস্তবায়ন ও আগ্রগতি
১	আলোর ফেরিওয়াল	বিদ্যুৎ সংযোগ পেতে আর অফিসে দৌড়ঝাপ নয়, বরং পল্লী বিদ্যুৎ সমিতির লোকেরাই হাজির গ্রাহকের বাড়িতে। ফেরি করে বিদ্যুৎ সংযোগ দিতে চলছে আলোর ফেরিওয়াল। কর্ম সূচি। ‘আলোর ফেরিওয়াল’ কার্যক্রমের আওতায় একটি মটর চালিত ভ্যানে করে মিটার, সার্ভিস ড্রপ তার অফিসিয়াল রশিদ বই, জামানত জমা গ্রহণের রশিদ বই, আবেদন ফর্ম, ০২ জন লাইনম্যান, ০১ জন ওয়্যারিং পরিদর্শক বা ০১ জন জুনিয়র ইঞ্জিনিয়ার প্রয়োজনীয় টুলস সহ গ্রাহকের দরজায় গিয়ে আবেদন গ্রহণ কর। আবেদন মোতাবেক সকল তথ্য, কাগজপত্র, ওয়্যারিং যাচাই করে সঠিক থাকলে প্রয়োজনীয় নির্ধারিত ফি স্পটেই অফিসিয়াল রশিদের মাধ্যমে গ্রহণ করে ০৫ মিনিটের মধ্যে গ্রাহকের নতুন সংযোগ প্রদান করে। গ্রাহক সংযোগ দেয়ার পাশাপাশি গ্রাহকদের বিভিন্ন অভিযোগের সমাধান দিচ্ছে আলোর ফেরিওয়াল।	৮০টি পবিস এ চলমান
২	Fault Locator	পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের অন্যতম প্রধান লক্ষ্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা। কিন্তু বিভিন্ন সময়ে ঝড়, বৃষ্টি বা প্রাকৃতিক দুর্যোগে ৩৩/১১ কেভি লাইনে ত্রুটি (Fault) সংগঠিত হয়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলে, সমস্যার স্থান ও ধরন জানা অনেক সময় দুরূহ হয়ে পড়ে। ফলে এক দিকে যেমন গ্রাহকগণ বিদ্যুৎ সেবা হতে বঞ্চিত হন অপরদিকে লাইন ত্রু-গণেরও ফল্ট খুঁজে সমাধান করতে দীর্ঘ সময় ও শ্রমব্যয় হয়। এ অবস্থা উত্তরণের লক্ষ্যে আরইবি’র নূতন উদ্ভাবনী Fault Locator System. এ পদ্ধতিতে ১১কেভি ফিডারে কয়েকটি সেকশন করে প্রতিটি সেকশনে একটি করে sensor based locator স্থাপন করে সংশ্লিষ্ট সেকশনে বিদ্যুৎ আছে কি নাই তা অনলাইনে যে কোন স্থান হতে মনিটর করা সম্ভব হচ্ছে। এর ফলে দ্রুত ফল্ট এরিয়া চিহ্নিত হচ্ছে এবং তার সমাধান ও দ্রুত করা যাচ্ছে, যা গ্রাহকদের নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে আরইবি’কে একধাপ এগিয়ে রাখবে। একইসঙ্গে এ পদ্ধতিতে কেবলমাত্র ফল্ট সেকশনের সংযোগ বিচ্ছিন্ন হয়ে বাকি সেকশনগুলো চালু থাকবে।	পাবনা পবিস-১ এ পাইলট ভিত্তিতে কার্যক্রম চালু করা হয়েছে।
৩	পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ	সনাতন বিদ্যুৎ সংযোগ পদ্ধতিতে বিদ্যমান সমস্যাসমূহকে হ্রাস করে গ্রাহক হয়রানি বন্ধকরণ, মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম দূরীভূতকরণ এবং সময় ও অর্থের সাশ্রয় করে সন্তোষজনক গ্রাহক সেবা প্রদানের	ইতোমধ্যে ৭১ টি পবিসে

	সিস্টেম	লক্ষ্যে “পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ সিস্টেম” উদ্ভাবনী ধারণার প্রবর্তন। এ পদ্ধতিতে সংযোগ প্রত্যাশীদের একবারও সমিতিতে আসতে হয় না এবং সমিতির কর্মচারীদেরও স্বেচ্ছামাত্র মিটার সংযোগের জন্য একবার গ্রাহক প্রাপ্তে যেতে হয়। গ্রাহক ও সমিতির কর্মকর্তাদের কোন পর্যায়ে সরাসরি সাক্ষাতের প্রয়োজন না থাকায় গ্রাহক হয়রানি এবং দুর্নীতির কোন সুযোগ নেই। গ্রাহক অনলাইনে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জামানতের টাকা পরিশোধ করতে পারেন।	বাস্তবায়িত হয়েছে।
৪	“ট্রান্সফর্মার মেইনটেনেন্স এন্ড লোড ম্যানেজম্যান্ট” (TMLM) সিস্টেম	বিদ্যুৎ গ্রাহকদের মাসিক বিদ্যুৎ ব্যবহারকে (KWH) ভিত্তি ধরে প্রত্যেক গ্রাহকের প্রকৃত লোড সনাক্তকরণ পূর্বক বিতরণ ট্রান্সফরমারের লোড স্বয়ংক্রিয়ভাবে জানা যায়। স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিতরণ ট্রান্সফরমার সময়মত আপ-গ্রেড/মেনটেইনেস করে ট্রান্সফরমার পোড়ার হারও সিস্টেমলস নিয়ন্ত্রণ করা সহ নানাবিধ সুবিধা পাওয়া যায়।	সারাদেশের ৮০ টি পবিসে চালু করা হয়েছে।
৫	ইলেক্ট্রনিক মিটার রিডিং সিস্টেম (eMRS)	পল্লী বিদ্যুৎ সমিতির গ্রাহকদের বিলিং কার্যক্রমকে নির্ভুল এবং সহজিকরণের নিমিত্তে “ইলেক্ট্রনিক মিটার রিডিং সিস্টেম (EMRS)” উদ্ভাবনী ধারণার আবির্ভাব। এ সফটওয়্যারের মাধ্যমে একটি Android Mobile ফোনের সাহায্যে মিটারের image থেকে মিটার রিডিং digital format এ পরিবর্তন করে সমিতির billing database এ প্রবেশ করানো যায়। এক্ষেত্রে গ্রাহকদের বিদ্যুৎ বিল প্রণয়নে মিটার রিডিং ম্যানুয়ালী গ্রহণ বা এন্ট্রির প্রয়োজন হয় না। ডিজিটাল পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে এন্ট্রিকৃত মিটার রিডিং প্রক্রিয়াকরণের মাধ্যমে বিদ্যুৎ বিল জেনারেট করা যায়।	ময়মনসিংহ পবিস-২ এ পাইলট ভিত্তিতে কার্যক্রম চালু করা হয়েছে।
৬	অনলাইন কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম	এটি একটি one point customer service (Help Desk). যেকোন ব্যক্তি/গ্রাহক দেশের যেকোন প্রান্ত থেকে যেকোন পল্লী বিদ্যুৎ সমিতির সাথে সংযুক্ত হয়ে স্বল্প সময়ের মধ্যে তার জিজ্ঞাসার জবাব সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে কথা বলে জানতে পারবেন।	পাইলট ভিত্তিতে কার্যক্রম চালু করা হয়েছে।